দৈনিক খবর

15

তারিখ ...08 SEP 1988
পৃষ্ঠা ... ৭

৪

# শিক্ষা সংক্রান্ত বিশ্ব সম্মেলনঃ স্টিয়ারিং কমিটির বৈঠক

'সবার জন্য শিক্ষা সংক্রান্ত বিশ্ব সম্মেলন'-এর ব্যাপারে গঠিত জাতীয় স্টিয়ারিং কমিটির এক সভা গতকাল নিয়েয়ার মিলনায়তনে অনুষ্ঠিত হয়। কমিটির চেয়ারম্যান শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম সভায় সভাপতিত্ব করেন।

উল্লেখ্য যে, ইউএনডিপি, ইউনিসেফ, ইউনেস্কো এবং বিশ্ব ব্যাংকের উদ্যোগে ১৯৯০ সালের জানুয়ারী মাসে থাইল্যান্ডে শিক্ষা সংক্রান্ত এই বিশ্ব সম্মেলন অনুষ্ঠিত হবে এবং বাংলাদেশ এই সম্মেলনের দক্ষিণ এশীয় আঞ্চলিক গ্রুপের চেয়ারম্যান।

সভায় বিশ্ব সম্মেলনের উদ্দেশ্য ও লক্ষ্য ব্যাখ্যা করে ইউএনডিপি, ইউনিসেফ, বিশ্ব ব্যাংক এবং এশীয় উন্নয়ন ব্যাংকের প্রতিনিধিগণ বক্তব্য রাখেন।